



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং- ময়শিবো/কাউন্সিল/০১/০২/২০২১/ ৯৬০(ক)

তারিখ : ১২/১২/২০২৪ খ্রি.

বিষয় : বিদ্যমান পরিস্থিতিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ গঠনে নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

- সূত্র : ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২৫২, তারিখ: ১৮/১১/২০২৪ খ্রি।
২। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২৫৩, তারিখ: ১৮/১১/২০২৪ খ্রি।
৩। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.৩৬০, তারিখ: ০১/১২/২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রমূলে বিদ্যমান পরিস্থিতিতে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের) এডহক কমিটি গঠনে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো :

ক.	সংশোধনের বিষয়	বিদ্যমান শব্দাবলি	প্রতিস্থাপিত শব্দাবলি
	প্রবিধানমালা, ২০২৪' এর ৬৪(৩) ধারা	সভাপতি মনোনয়নের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্থানীয় সংসদ সদস্যের সহিত আলোচনাক্রমে, শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের মধ্য হইতে ৩ (তিন) জনের একটি তালিকাসহ অন্যান্য সদস্যের মনোনয়ন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন।	সভাপতি মনোনয়নের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, মহানগরীর ক্ষেত্রে বিভাগীয় কমিশনার/ অন্যান্য ক্ষেত্রে জেলা প্রশাসকের সহিত আলোচনাক্রমে, শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের মধ্য হইতে ৩ (তিন) জনের একটি তালিকাসহ অন্যান্য সদস্যের মনোনয়ন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন।

- খ. সভাপতির শিক্ষাগত যোগ্যতা : ১. বিদ্যালয়ের ক্ষেত্রে- স্নাতক পাশ।
২. কলেজের ক্ষেত্রে- স্নাতকোত্তর পাশ।

গ. এডহক কমিটি নিম্নোক্ত ৪ (চার) সদস্য বিশিষ্ট হবে, যথা-

- (১) সভাপতি- মহানগরীর ক্ষেত্রে বিভাগীয় কমিশনার/ অন্যান্য ক্ষেত্রে জেলা প্রশাসকের সহিত আলোচনাক্রমে, শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী ;
- (২) শিক্ষক প্রতিনিধি - জেলা শিক্ষা কর্মকর্তা কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের মধ্য হইতে একজন শিক্ষক ;
- (৩) অভিভাবক প্রতিনিধি - জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত একজন অভিভাবক ; এবং
- (৪) সদস্য সচিব- শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (পদাধিকারবলে)।


ঘ. এই আদেশ জারির পর বিদ্যমান সকল কমিটি বিলুপ্ত বলে গণ্য হবে।

ঙ. এডহক কমিটি গঠনপূর্বক অনুমোদনের জন্য আবেদন করতে হবে (এডহক কমিটি গঠনের অনুমতির প্রয়োজন নেই)।

চ. এডহক কমিটি গঠনের ০৬(ছয়) মাস মেয়াদের মধ্যেই ম্যানেজিং কমিটি/গর্ভনিং বডি গঠন করতে হবে।

ছ. সভাপতি/অভিভাবক সদস্য/শিক্ষক সদস্য পর পর দুইবারের বেশি হতে পারবেন না।

জ. সংস্থা কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে না।


(প্রফেসর মোঃ আবু তাহের)
চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

